

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৯২৯

জম্পুইজলা, ২৪ জুলাই, ২০২৫

**জম্পুইজলায় দু'দিনব্যাপী কিশোরী উৎকর্ষ মঞ্চ অভিযান শুরু**

জম্পুইজলা মহকুমার অন্তর্গত বুখুরুই কমিউনিটি হলে আজ সিপাহীজলা জেলাভিত্তিক দু'দিনব্যাপী কিশোরী উৎকর্ষ মঞ্চ অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। সমগ্র শিক্ষা অভিযান প্রকল্পে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। আজকের অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ কলই এবং সিপাহীজলা জিলা পরিষদের শিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভাপতি সীমা ভৌমিক। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার শিক্ষা আধিকারিকের কার্যালয়ের ও.এস.ডি. এন্টনি দেববর্মা ও রাকেশ দেববর্মা। উপস্থিত ছিলেন অনুষ্ঠানের আহ্বায়ক তথা সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ের প্রিন্সিপাল ধর্মচরণ জমাতিয়া এবং সিপাহীজলা জেলার অন্তর্গত বিদ্যালয় পরিদর্শকগণ ও শিক্ষক-শিক্ষিকাগণ।

অনুষ্ঠানকে সামনে রেখে আজ বিতর্ক প্রতিযোগিতা, বক্তৃতা প্রতিযোগিতা, শ্লোগান প্রতিযোগিতা এবং কারুশিল্প প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় সিপাহীজলা জেলার অন্তর্গত বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রীরা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কার দেওয়া হয়। আগামীকাল কুইজ, নাটক, সমাজসেবা এবং অন্যান্য বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*